

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৩৯৩

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ (২০) নাজাসাত বা নাপাকি দূরীকরণ

### 20 - بَابُ تَطْهِيرِ النَّجَاسَةِ

আরবী

1393 - أَخْبَرَنَا حَامِدُ بْنُ مُحَمَّدٍ بْنِ شُعَيْبٍ الْبَلْخِيُّ حَدَّثَنَا شَرِيحُ بْنُ يُونُسَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ فَاطِمَةَ بِنْتِ الْمُنْذِرِ عَنْ جَدَّتِهَا أَسْمَاءَ: أَنَّ امْرَأَةً سَأَلَتْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ دَمِ الْحَيْضِ فَقَالَ: حَتَّى تَمَّ اقْرُصِيهِ بِالْمَاءِ ثُمَّ رُشِّيهِ وَصَلِّي فِيهِ.

الراوي : أَسْمَاءُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1393 | خلاصة حكم المحدث: صحيح.

قال أبو حاتم: الأمر بالحث والرش أمرًا نَدْبٍ لَا حَتْمٍ وَالْأَمْرُ بِالْقَرْصِ بِالْمَاءِ مُقَرُّونَ بِشَرْطِهِ وَهُوَ إِزَالَةُ الْعَيْنِ فَإِزَالَةُ الْعَيْنِ فَرَضٌ وَالْقَرْصُ بِالْمَاءِ نَفْلٌ إِذَا قَدَرَ عَلَى إِزَالَتِهِ بِغَيْرِ قَرْصٍ وَالْأَمْرُ بِالصَّلَاةِ فِي ذَلِكَ التَّوْبِ بَعْدَ غَسْلِهِ أَمْرٌ إِبَاحَةٌ لَا حَتْمٌ.

বাংলা

১৩৯৩. আসমা রাঈয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “একজন নারী আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে হয়েযের রক্ত সম্পর্কে জিজ্ঞেস করেন, অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তুমি রক্ত খুঁচিয়ে তুলে ফেলবে, তারপর কাপড়টি পানি দিয়ে ঘষবে তারপর তাতে পানি ছিটা দিবে এবং তা পরিধান করে সালাত আদায় করবে।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন, “খুঁচিয়ে রক্ত তুলে ফেলা, ও পানি ছিটা দেওয়ার নির্দেশটি উত্তমতামূলক; ফরয নির্দেশক নির্দেশ নয়। আর পানি দিয়ে ঘষার নির্দেশটি তার শর্তের সাথে যুক্ত, সেটি হলো নাপাকির স্বতাকে অপসারণ করা। কাজেই নাপাকির স্বতাকে অপসারণ করা ফরয। আর ঘষাটা অতিরিক্ত হিসেবে বিবেচিত হবে, যদি ঘষা ছাড়াই নাপাকির স্বতাকে অপসারণ করা সম্ভব হয়। আর ঐ কাপড়ে সালাত আদায় করার

নির্দেশটি বৈধতা নির্দেশক নির্দেশ; এটি পতিপালন করা আবশ্যিক নয়।”

## ফুটনোট

[1] মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/২২; তিরমিযী: ১৩৮; সুনান বাইহাকী: ১/১৩; মুয়াত্তা ইমাম মালিক: ১/৭৯; সহীহ আল বুখারী: ৩০৭; সহীহ মুসলিম: ২৯১; আবু দাউদ: ৩৬১; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৯০; তাবারানী: ২৪/২৮৬; সহীহ ইবনু খুযাইমাহ: ২৭৫; আত তায়ালিসী: ১/৪২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১২২৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৯৫; মুসনাদ আহমাদ: ৬/৩৪৫; নাসাঈ: ১/১৫৫; ইবনু মাজাহ: ৬২৯; আবু আওয়ানা: ১/২০৬; দারেমী: ১/১৯৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৩৮৭।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আসমা বিনতু আবু বাকর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=90707>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন